

## গ্রাহক সনদ

- আপনার সকল মতামত আমাদের কাছে অত্যন্ত তাৎপর্যপূর্ণ।
- আপনার সাথে আমাদের সুসম্পর্কই আমাদের ব্যবসার মূলধন।
- আমাদের কাছ থেকে সময়মত সঠিক ও নির্ভুল তথ্য পাওয়া আপনার অধিকার।
- আপনি আমাদের যেকোনো শাখা থেকে নির্ধারিত সময়ের মধ্যে সেবা গ্রহণ করতে পারেন।
- আমাদের যেকোনো শাখা অথবা কল সেন্টার থেকে আপনি আমাদের সকল পণ্য, সেবা এবং সুবিধা সম্পর্কে তথ্য জানতে পারেন।
- প্রতি সপ্তাহে রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ১০:০০ - বিকাল ৬:০০ পর্যন্ত আপনি আমাদের সকল শাখা এবং হেড অফিস থেকে সেবা গ্রহণ করতে পারেন। আমাদের কল সেন্টারও উক্ত সময় পর্যন্ত সেবা প্রদান করে থাকে। আমাদের কল সেন্টারের নম্বর ১৬৩৫৪ অথবা +৮৮ ০২ ২২৩৩৬০০৩৯ (বিদেশ থেকে)
- আপনি আমাদের যেকোনো শাখা, কল সেন্টার অথবা কোম্পানি ওয়েবসাইট থেকে আমাদের পণ্য ও সেবার সুদ বা মুনাফার হার এবং চার্জের তালিকা জানতে পারেন।
- আপনার চুরি বা হারিয়ে যাওয়া কাগজপত্র সংক্রান্ত তথ্য জানাতে আমাদের যেকোনো শাখা বা কল সেন্টারের সহায়তা নিতে পারেন।
- আপনি আমাদের পণ্য, সেবা, চার্জ অথবা ব্যবসা সংক্রান্ত যেকোনো অভিযোগ আমাদের যেকোনো শাখা অথবা কল সেন্টারের মাধ্যমে জানাতে পারেন। আমাদের ই-মেইল করতে পারেন : [webmail@unitedfinance.com.bd](mailto:webmail@unitedfinance.com.bd)
- আপনি আমাদের সকল শাখার নির্ধারিত সেবা প্রদানকারী কর্মকর্তার সহায়তা নিতে পারেন।
- আমাদের সাথে যেকোনো ধরনের চুক্তি বা লেনদেনের সময় সঠিক এবং বৈধ তথ্য প্রদান করার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে।
- আমাদের যেকোনো পণ্য বা সেবা গ্রহণের পূর্বে এ সংক্রান্ত সকল নিয়মাবলী ও শর্তসমূহ সতর্কতার সাথে পড়ে দেখার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- আপনাকে অবহিত করা হচ্ছে যে, আপনার জমাকৃত অর্থের অর্জিত মুনাফা হতে প্রচলিত আইন অনুযায়ী ট্যাক্স, ভ্যাট ও অন্যান্য চার্জসমূহ কর্তন করতে আমরা বাধ্য থাকব।
- কোন খালি কাগজে স্বাক্ষর না করার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে।
- আপনাকে অবহিত করা হচ্ছে যে, কোন পূর্ব ঘোষণা ছাড়াই সুদ বা মুনাফার হার ও সেবার চার্জ আমরা পরিবর্তন করতে পারি।
- আপনাকে পাঠানো সব ধরনের কাগজপত্র সতর্কতার সাথে পড়ে দেখার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- কেন্দ্রীয় ব্যাংক অথবা অন্যান্য নিয়ন্ত্রক কর্তৃপক্ষের আদেশক্রমে আপনার ব্যক্তিগত লেনদেনের হিসাব অথবা তথ্য ওই সকল কর্তৃপক্ষকে প্রদানে আমরা বাধ্য থাকব।
- ঋণের কিস্তি নির্ধারিত সময়ের মধ্যে জমা করার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে।
- আপনার একাউন্টে কোন প্রকারের প্রতারণামূলক লেনদেন চিহ্নিত হলে তা দ্রুত ইউনাইটেড ফাইন্যান্স কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হচ্ছে।
- আপনার ব্যক্তিগত তথ্য পরিবর্তন হলে তা আমাদের জানাতে অনুরোধ করা হচ্ছে।